# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date : 16-07-2025
# Time: 07.35-07.40 AM Hrs
# BENGALI MORNING BULLETIN

---

**Sushanta Choudhury-Press Meet :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, বিভিন্ন দপ্তরে বেশ কিছু পদে নিয়োগের জন্য গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী জানান রাজ্যে যত দ্রুত সম্ভব কর্মী স্বল্পতা দূরীকরণের লক্ষ্যেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই আরক্ষা দপ্তরে নিয়োগের ব্যাপারে পর্যটনমন্ত্রী জানিয়েছেন।

#####Byte-Sushanta Choudhury######

**********************************

**Skill India-10th anniversary :**

স্কিল ইন্ডিয়া মিশনের দশম বার্ষিকী গতকাল পালিত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৫ সালে যুবসমাজকে কর্মসংস্থান, উদ্যোক্তা এবং টেকসই জীবিকার জন্য শিল্প-প্রাসঙ্গিক দক্ষতায় সজ্জিত করার জন্য এই মিশনটি চালু করেছিলেন।

দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রী জয়ন্ত চৌধুরী বিভিন্ন ক্ষেত্রে ব্যবহারিক, চাকরি-প্রস্তুত দক্ষতার মাধ্যমে যুবসমাজকে ক্ষমতায়িত করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে, স্কিল ইন্ডিয়া বিশেষ ভাবে নারী এবং প্রান্তিক সম্প্রদায়ের জীবনে, রূপান্তর নিয়ে আসছে।

****************************

**IICT-WAVES :**

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ক্রিয়েটিভ টেকনোলজিস (আই.আই.সি.টি) এ বছর আগস্ট থেকে প্রতিষ্ঠানটির প্রথম ব্যাচের শিক্ষার্থীদের জন্য ভর্তি শুরু করার সাথে সাথে ভারতের ক্রমবর্ধমান ডিজিটাল এবং সৃজনশীল অর্থনীতির একটি রূপান্তরমূলক অগ্রগতির সঙ্গে সাযুজ্য রেখে কোর্স চালুর উদ্যোগ নিয়েছে। প্রতিষ্ঠানটি অ্যানিমেশন, ভিজ্যুয়াল এফেক্টস, গেমিং, কমিকস এবং এক্সটেন্ডেড রিয়েলিটির ক্ষেত্রে শিল্পভিত্তিক কোর্সে শক্তি যোগাবে।

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এবছর মে মাসে ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট (ওয়েভস)-এ এই প্রতিষ্ঠানের কথা ঘোষণা করেছিলেন।

******************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল জানিয়েছেন, সরকারি জায়গায় বেআইনিভাবে দোকান নিয়ে বসে জনগণ ও যানবাহন চলাচলে বাধার সৃষ্টি করা কোনোভাবেই বরদাস্ত করা হবে না। আগরতলার বিদ্যাসাগর সেতু এলাকা পরিদর্শনকালে তিনি একথা বলেন। তিনি জানান, আগরতলা শহরে যত্রতত্র প্রতিদিন কিছু বাজার বসছে। এই বাজারগুলিকে শীঘ্রই অন্যত্র সরিয়ে দেওয়া হবে।

**Sampark :**

"গাঁও আপনাও, বদলাও লাও" মানে, গ্রামকে আপন করুন, পরিবর্তন আনুন। এই ভাবনায় ঊনকোটি জেলাতে সূচনা হলো 'সম্পর্ক' উদ্যোগের। গতকাল কৈলাশহর সার্কিট হাউসে এক অনুষ্ঠানে এই ব্যতিক্রমী কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটির জেলা শাসক ডক্টর তমাল মজুমদার। "সম্পর্ক" পদক্ষেপে ঊনকোটি জেলার ৯২টি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজকে ৯২ জন আধিকারিক দত্তক নিয়েছেন। সংশ্লিষ্ট এলাকার মানুষের চাহিদা পূরণ সহ সুখ-দুঃখের ভাগিদার হবেন তারা।

******************************

**UIDAI biometric update :**

ভারতের অনন্য পরিচয় কর্তৃপক্ষ (UIDAI) ৭ বছর বা তার বেশি বয়সী শিশুদের বাধ্যতামূলক বায়োমেট্রিক আপডেট করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছে। ইলেকট্রনিক্স এবং তথ্য প্রযুক্তি মন্ত্রক জানিয়েছে, বর্তমান নির্দেশিকা অনুসারে, পাঁচ বছরের কম বয়সী কোনও শিশুকে বিকাশগত কারণে আঙুলের ছাপ বা আইরিস স্ক্যান প্রদান করতে হবে না। শিশুর বয়স পাঁচ বছর হলে, এই বায়োমেট্রিক আপডেট করতে হবে। ৭ বছর বয়সের পরেও যদি বাধ্যতামূলক বায়োমেট্রিক আপডেট সম্পন্ন না হয়, তাহলে বর্তমান নিয়ম অনুসারে, আধার নম্বরটি নিষ্ক্রিয় করা যেতে পারে। বাধ্যতামূলক বায়োমেট্রিক আপডেট সম্পন্ন করার জন্য UIDAI এই ধরনের শিশুদের আধারে রেজিষ্ট্রিকৃত মোবাইল নম্বরগুলিতে SMS পাঠাতে শুরু করেছে।

****************************

**CPIM-Press Meet :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন রাজ্য সরকার বিদ্যুৎ পরিষেবাকে পুরোপুরি বেসরকারিকরণ করার জন্য স্মার্ট মিটার চালুর সিদ্ধান্ত নিয়েছে। স্মার্ট মিটার বসানোর ফলে বিদ্যুৎ বিলের পরিমাণ অস্বাভাবিকভাবে বেড়ে যাবার আশঙ্কাও ব্যক্ত করেন তিনি।

**************************

**Longtoraivally-Blood Donation :**

লংতরাইভ্যালি মহকুমার মনু উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ব্লক রিসোর্স সেন্টারে এডুকেশন ইন্সপেক্টরেটের উদ্যোগে গতকাল এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক পল দাংশু। তিনি বলেন রক্তদানের মাধ্যমে অনেক জীবন বাঁচানো সম্ভব। শিবিরে উপস্থিত ছিলেন এমডিসি সঞ্জয় দাস, লংতরাইভ্যালি মহকুমার মহকুমা শাসক সুব্রত দাস প্রমুখ।

****************************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় নাইন বুলেটস ক্লাব সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ৪–১ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৬ দশমিক ৪ মিলিমিটার।

****************************